দৈনিক ইত্তেফাক

তারিখ ...10 DEC 1992
পৃষ্ঠা... ১ ... কলাম ... ৪ ...

# নকলের দায়ে ডিগ্রী পরীক্ষাসহ ১০টি কেন্দ্র বাতিল

ঠাকুরগাঁও সংবাদদাতার ফোন ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঠাকুরগাঁও সরকারী কলেজ কেন্দ্রসহ ১০টি পরীক্ষা কেন্দ্র আগামী ৫ বৎসরের জন্য বাতিল করিয়া দিয়াছেন। এই সকল কেন্দ্রে ব্যাপক হারে নকল করার ঘটনা প্রমাণিত হওয়ার পর গত ৫ই ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল এই সিদ্ধান্ত নেয়। অপর ৯টি কেন্দ্র হইতেছে দিনাজপুর আদর্শ কলেজ, দিনাজপুর কেবিএম কলেজ, রংপুর সরকারী কলেজ, গোবিন্দগঞ্জ কলেজ, গাইবান্ধা সরকারী কলেজ, (১০এর পৃঃ দ্রঃ)

## নকলের দায়ে

(প্রথম পৃঃ পর)

সাদুল্লাপুর কলেজ, সাঁথিয়া কলেজ, বদরগঞ্জ কলেজ ও কলেজ কেন্দ্র।

উল্লেখ্য, এই সকল কেন্দ্র বাতিল ছাড়াও এই সকল কেন্দ্রে অনুষ্ঠিত গত ডিগ্রী পরীক্ষাও বাতিল করা হয়। একাডেমিক কাউন্সিল এমনও প্রমাণ পাইয়াছে যে, ঠাকুরগাঁও সরকারী কলেজ কেন্দ্রের অনেক পরীক্ষার্থী বাহিরে বসিয়া পরীক্ষা দিয়া মোটর সাইকেলযোগে উত্তরপত্র পাঠাইয়া দেয়। অন্যান্য ক্ষেত্রেও বিচিত্র রকম নকলের প্রমাণ পাওয়া যায়।

এদিকে গত ডিগ্রী পরীক্ষা ও পরীক্ষা কেন্দ্র বাতিলের প্রতিবাদে পরীক্ষার্থীরা গতকাল (বুধবার) প্রতিবাদ মিছিল বাহির করে।